## কারা অধিদপ্তরে বাস্তবায়িত উদ্ভাবনী কার্যক্রম:

| বিষয় | অর্জিত ফলাফল |
|---|---|
| এসএমএস এর মাধ্যমে নিয়োগের আবেদন গ্রহণ | নিয়োগ প্রক্রিয়া অধিকতর স্বচ্ছ এবং আবেদন প্রক্রিয়া সহজীকরণের নিমিত্ত এসএমএস এর মাধ্যমে ইতোমধ্যে কারারক্ষী নিয়োগ, ২০১৭ এর আবেদন জমা নেওয়া হয়েছে। |
| ওয়েব বেজ্‌ড ডিজিটাল প্রিজন ভ্যান | বন্দি পরিবহনের জন্য ০২টি ওয়েব বেজ্‌ড ডিজিটাল প্রিজন ভ্যান চালু করা হয়েছে। |
| ডে-কেয়ার সেন্টার | কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারসহ ৮টি কারাগারে ইতোমধ্যে ডে-কেয়ার সেন্টার স্থাপন করা হয়েছে। |
| কারা হাসপাতালে সুষ্ঠু মেডিক্যাল রেকর্ড কিপিং সিস্টেম প্রচলন | টাঙ্গাইল জেলা কারাগারে পাইলট প্রকল্প হিসেবে চালু করা হয়েছে। |
| ফেসবুকে অভিযোগ গ্রহণ | বন্দি ও সাধারণ জনগণকে সেবা প্রদানের নিমিত্ত ফেসবুকে BANGLADESH PRISON নামে একটি পেজ খোলা হয়েছে। কারা মহাপরিদর্শক উক্ত পেজে দাখিলকৃত অভিযোগ পর্যবেক্ষণ এবং নিষ্পত্তি করে থাকেন। |

## কারা বিভাগের প্রাতিষ্ঠানিক সম্প্রসারণ:

মাননীয় প্রধানমন্ত্রী গত ১০ এপ্রিল ২০১৬ তারিখে ৪,৫৯০ জন বন্দি ধারণ ক্ষমতা সম্পন্ন নবনির্মিত ঢাকা কেন্দ্রীয় কারাগার (কেরাণীগঞ্জ) উদ্বোধন করেন।



ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ

## অগ্রগতি বা সেবা প্রদানের তুলনামূলক বিবরণী:

| বিষয় | ২০০৫-০৬ অর্থবছর | ২০১৭-১৮ অর্থবছর |
|---|---|---|
| যাবতীয় আইনি প্রক্রিয়া সম্পন্ন করে মুক্তি প্রদানকৃত বিদেশি বন্দি সংখ্যা | ১১ | ৩৮ |
| বন্দি ধারণ ক্ষমতা | ২৭২৯১ | ৩৬৬১৪ |
| প্রকৃত অবস্থানরত গড় বন্দি সংখ্যা | ৭৩২৩৬ | ৭৮২৭১ |
| ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতির সংখ্যা | ৪ | ১০ |
| কর্মচারীদের পদোন্নতি | ১৮ | ১৪৭৫ |
| প্রশাসনিক ট্রাইব্যুনালে মামলা নিষ্পত্তি সংখ্যা | -- | ১০ |
| দেশে প্রশিক্ষণ সংখ্যা | -- | ২১৮১ |
| বিদেশে প্রশিক্ষণ সংখ্যা | -- | ১২০ |
| বাজেট বরাদ্দের পরিমাণ (টাকায়) | ১৮৪,৯০,৪৫,০০০ | ৮২৮,০১,৩৯,০০০ |
| জনবল | ৮৬০৯ | ১২১৭৩ |

## উদ্ভাবনী কার্যক্রম:

কারা অধিদপ্তরের সেবার মান বৃদ্ধিকরণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ :

| বিষয় | প্রত্যাশিত ফলাফল |
|---|---|
| কারাগারে বন্দিদের জন্য টেলিফোন বুথ স্থাপন | বন্দিদের সাথে তাদের আত্মীয় স্বজনের যোগাযোগ সহজতর হবে। |
| আদালত ও কারাগারের মধ্যে ভিডিও কনফারেন্সিং সিস্টেম চালুকরণ | ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ঝুঁকিমুক্ত হাজিরা প্রদান করা যাবে। |
| বন্দিদের ডেটাবেইজ তৈরি | বন্দিদের তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং একাধিকবার কারাগারে প্রবেশকারী বন্দিদের সহজেই সনাক্ত করা ও বন্দি মুক্তি প্রদান প্রক্রিয়া সহজতর হবে। |
| কারা হাসপাতালে সুষ্ঠু মেডিক্যাল রেকর্ড কিপিং সিস্টেম চালুকরণ | বন্দি রোগীদের রোগ সনাক্তকরণ ও স্বাস্থ্যগত পরিসংখ্যান প্রাপ্তি সহজতর হবে। |
| Standard Leave Form এর মাধ্যমে কারা কর্মচারীদের ছুটির আবেদন প্রক্রিয়া সহজীকরণ | নির্ধারিত ফরমে সহজে ছুটির আবেদন করা যাবে। |
| ই-সেবার মাধ্যমে দেখা-সাক্ষাত প্রক্রিয়া সহজীকরণ | দেখা সাক্ষাতে সময় কম লাগবে এবং দুর্ভোগ কমবে। |
| ওয়েস্টেজ ম্যানেজমেন্ট এন্ড ইউজেস | পচনশীল আবর্জনা জৈবসার এবং অপচনশীল আবর্জনা রিসাইক্লিং এর মাধ্যমে কারা চত্বর আবর্জনামুক্ত রাখা যাবে। |




৪র্থ এশিয়া প্যাসিফিক রিজিওনাল কারেকশনাল কনফারেন্স, ঢাকা (মে, ২০১৭)

কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড
বকশিবাজার, ঢাকা-১২১১

Prisons Directorate
30/3, Umesh Dutta Road
Bakshibazar, Dhaka-1211

www.prison.gov.bd

# ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা

অক্টোবর ২০১৮




**‘উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ’**

বাংলাদেশ জেল

‘রাখিব নিরাপদ
দেখাব আলোর পথ’

**কারা অধিদপ্তর**

**পটভূমি:**

ব্রিটিশ শাসনামলে ১৭৮৮ সালে পুরানো ঢাকার চকবাজার এলাকায় একটি ক্রিমিনাল ওয়ার্ড নির্মাণের মাধ্যমে বাংলায় কারাগারের ইতিহাসের সূচনা হয়।অবিভক্ত ভারতবর্ষে ১৮৩৬ সালে বিভিন্ন জেলা ও মহকুমা সদরে কারাগার নির্মাণ ও চালু হয়। স্বাধীন বাংলাদেশে ৪টি কেন্দ্রীয় কারাগার, ১৩টি জেলা কারাগার ও ৪২টি উপ-কারাগার নিয়ে কারা অধিদপ্তরের নবযাত্রার সূচনা হয়। ১৯৯৬-১৯৯৭ সালে উপ-কারাগারসমূহকে জেলা কারাগারে উন্নীত করে কারাগারকে সেবামূলক প্রতিষ্ঠানে রূপান্তরের যাত্রা শুরু হয়।

**মিশন:** 'রাখিব নিরাপদ, দেখাব আলোর পথ'

**ভিশন:** বন্দিদেও নিরাপদ আটক নিশ্চিত করা, শৃংখলা বজায় রাখা। বন্দিদের সাথে মানবিক আচরণ করা, যথাযথভাবে তাদের বাসস্থান,খাদ্য, চিকিৎসা এবং আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও আইনজীবীর সাথে সাক্ষাৎ নিশ্চিত করা এবং একজন সু-নাগরিক হিসেবে সমাজে পুনর্বাসন করার করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রেষণা ও প্রশিক্ষণ প্রদান করা।

## কারা অধিদপ্তরের সক্ষমতা

বাংলাদেশে বর্তমানে ১৩টি কেন্দ্রীয় কারাগার এবং ৫৫টি জেলা কারাগার রয়েছে। দেশের কারাগারসমূহের ধারণ ক্ষমতা ২৮,১৯৮ হতে ৩৬,৬১৪ জনে উন্নীত করা হয়েছে। বর্তমান সরকার কারাগারকে শাস্তি ভোগের কেন্দ্র নয় বরং সংশোধনাগার হিসেবে গড়ে তুলছে।

## কারা অধিদপ্তরের উন্নয়নমূলক কার্যাবলি

২২৮ বছরের পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার ঢাকার কেরাণীগঞ্জে স্থানান্তর করায় পুরাতন কারাগারটিকে সংরক্ষণপূর্বক বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, জাতীয় চার নেতা স্মৃতি জাদুঘর, কনভেনশন সেন্টার ও পার্ক স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এলাকায় প্রস্তাবিত বঙ্গবন্ধু কারা স্মৃতি জাদুঘর



আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৮ এ মিনি প্যাভিলিয়ন ক্যাটাগরিতে ১ম স্থান অর্জন

- ★ কারাগারের জনবল ৮,৬০৯ হতে ১২,১৭১ জনে উন্নীত;
- ★ জানুয়ারি ২০০৯ হতে ২০১৮ পর্যন্ত ৫,৫১৫ জন জনবল নিয়োগ;
- ★ কারা প্রশিক্ষণ একাডেমি ও কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট চালু;
- ★ কারা নিরাপত্তা আধুনিকায়ন প্রকল্পের আওতায় ৩২টি কারাগারে নিরাপত্তা জোরদার;
- ★ কারাগারকে সংশোধনাগার হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ৩৮টি ট্রেডে ১১,০৮২ জন কারাবন্দিকে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান।



ঐতিহ্যবাহী জামদানি শাড়ি তৈরিতে কর্মরত বন্দিগণ

★ কারাবন্দিদের সুযোগ সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে নতুনভাবে নির্মিত কারাগারকে কারাগার-১ এবং সংশ্লিষ্ট এলাকার পুরানো কারাগারকে কারাগার-২ হিসেবে ব্যবহার।



টাঙ্গাইল জেলা কারাগারে বন্দিদের টেলিফোন বুথ (স্বজন) উদ্বোধন

★ কারাবন্দিদের নিকট আত্মীয় স্বজনের সাথে নির্দিষ্ট সময় অন্তর টেলিফোনের মাধ্যমে কথা বলার লক্ষ্যে 'প্রিজন লিংক' বাস্তবায়ন।



কারা গার্মেন্টসে কর্মরত বন্দিগণ

★ কারাবন্দিদের উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% সংশ্লিষ্ট বন্দিকে পারিশ্রমিক হিসেবে প্রদান।



বঙ্গবন্ধুর কারাজীবন নিয়ে রচিত বই '৩০৫৩' এর মোড়ক উন্মোচন



নবনির্মিত সিলেট কেন্দ্রীয় কারাগার

★ ২০০৯ হতে জুন ২০১৮ পর্যন্ত সময়ে ৫টি কেন্দ্রীয় কারাগার ও ১৬টি জেলা কারাগার পুন:নির্মাণ ও সংস্কার করা হয়েছে।



কারা বেকারিতে কর্মরত বন্দিগণ

★ ২০০ বছর ধরে চলমান বন্দিদের সকালের নাস্তায় রুটি-গুড়ের পরিবর্তে খিচুড়ি অথবা রুটির সাথে সবজি বা হালুয়া দিয়ে নাস্তা সরবরাহের ব্যবস্থা নেয়া হয়েছে।




কারাবন্দি মায়েদের সাথে অবস্থানরত শিশুদের জন্য আনন্দ ভুবন উদ্বোধন